

## যোগাযোগ ও সাধারণ জ্ঞান (৩-৫ বছর বয়সীদের)

যোগাযোগের মধ্যে কথা বলা এবং শোনা দুটিই পড়ে। এটি হলো পরিষ্কারভাবে নিজের প্রয়োজন বুঝানো এবং অন্যদের বুঝার ক্ষমতা।

সাধারণ জ্ঞান হলো বাইরের পৃথিবীর প্রতি একটি আগ্রহ।

যেসকল শিশুরা ভালভাবে নিজেদের প্রকাশ করতে পারে এবং যারা তাদের চারপাশের পরিবেশ সম্বন্ধে জানতে আগ্রহী তারাই স্কুলে এবং সারা জীবন ধরে ভাল করার জন্য প্রস্তুত।

স্কুল পূর্ববর্তী যেসকল শিশুদের উত্তম যোগাযোগ ও সাধারণ জ্ঞানে দক্ষতা আছে তারা:

- গল্প বলে
- কাল্পনিক খেলা খেলে (জলদস্যু হওয়ার ভান করে, কিংবা একটি ব্লককে টাওয়ার হিসেবে কল্পনা করে)
- যখন তাদের কোনো কিছু করতে বলা হয় তখন তারা তা বোঝে
- বয়স্কদের সাথে এমনভাবে কথা বলে যাতে তারা তা সহজে বুঝতে পারে

আপনার শিশুকে যোগাযোগে দক্ষতা এবং সাধারণ জ্ঞান বিকাশে সাহায্য করার কিছু উপায়:

- কোনো বাধা প্রদান ছাড়াই আপনার শিশুর কথা শুনুন
- আপনার শিশুকে তার ডায়েরী সম্বন্ধে জিজ্ঞাসা করুন - **Ask your child about their day** – “তোমার দিনটা কি ভাল গিয়েছিল” একথা জিজ্ঞাসা না করে “তুমি বাইরে কি করেছিলে?” এমন উন্মুক্ত প্রশ্ন করুন যাতে করে আপনার শিশু ‘হ্যাঁ’ কিংবা ‘না’ এর চেয়েও বেশী কিছু বলতে পারে।
- আপনার শিশুকে প্রচুর প্রশ্ন করতে দিন – আপনার শিশুর প্রচুর প্রশ্ন করার অর্থ হলো তারা পৃথিবী সম্বন্ধে জানতে চায়। তারা আপনাকে জিজ্ঞাসা করছে কারণ তারা বিশ্বাস করে যে তারা যা জানতে চাচ্ছে তা আপনি তাদের বলবেন।
- অনুভূতি সম্বন্ধে কথা বলুন – ‘কোন জিনিসটা তোমার মনে কষ্ট দিচ্ছে?’ কোনো বই একসাথে পড়ার সময় বইয়ের মানুষটি বা চরিত্রটি কেমন লাগছে বলে মনে হচ্ছে এবং তাদের কি দরকার হতে পারে।
- আপনার শিশুর সাথে পড়ুন এবং আপনি যে বইটি পড়েছেন সেটা সম্বন্ধে কথা বলুন। অভিজ্ঞতা, ধারণা এবং বইগুলির মধ্যে যোগসূত্র স্থাপনের চেষ্টা করুন, যেমন তারা ভেজিটাইট স্যাণ্ডউইচ খাচ্ছে, আমি ভাবছি তারা *পসাম ম্যাজিক* বইতে যেমন আছে তেমন করে অদৃশ্য হয়ে যাবে না তো।
- দুজনে মিলে গান করুন, ছড়া বানান আর হালকা রসিকতা করুন।
- ভান আর কল্পনার খেলা খেলুন – সম্ভব হলে পোষাক ও বাড়ীর অন্যান্য বস্তু ব্যবহার করুন। তাদের অনেকগুলি খেলনা এবং বিভিন্ন জিনিস (পুঁতি, কাদামাটি, পাতা, ঝুলন, ব্লক) দিয়ে খেলতে দিন।
- আপনার শিশুকে উৎসাহ দিন – আপনার শিশুর প্রচেষ্টাগুলির জন্য ইতিবাচক প্রশংসা তাকে কথা বলা শিখতে সাহায্য করবে। তাদের ভুলগুলিতে হাসলে তারা চেষ্টা করতে উৎসাহ পাবে না।
- আপনার শিশুর জন্য কোন কোন ব্যাপারগুলি গুরুত্বপূর্ণ সেগুলি সম্বন্ধে সচেতন থাকুন – বন্ধু, পছন্দের খেলনা, সিনেমা কিংবা বই সম্বন্ধে জিজ্ঞাসা করুন।
- অভিজ্ঞতা প্রদান করুন – একসাথে কেনাকাটায় যাওয়া, লাইব্রেরীতে কিংবা পার্কে যাওয়া, অথবা একসাথে মিলে আঁকা এবং রং করা সবই যোগাযোগের দক্ষতা এবং সাধারণ জ্ঞান বিকাশের সহায়ক।

- **একটি পরিবার হিসেবে একত্রে সাক্ষ্যভোজন করুন** – পরিবারের সকল সদস্যদের জন্য তাদের দৈনন্দিন ব্যাপার নিয়ে কথা বলার এটি একটি গুরুত্বপূর্ণ সময়। বয়স্কদের সাথে আলাপচারিতায় আপনার বাচ্চাকে সাথে রাখুন।
- **টেলিভিশন, কম্পিউটার ও ভিডিও গেমসে সীমাবদ্ধতা বজায় রাখুন** – এতে করে আপনার শিশু সত্যিকারের অভিজ্ঞতা নিয়ে কথা বলার আরো বেশি সময় পাবে। শিক্ষামূলক হলেও কম্পিউটার ব্যবহার, টিভি কিংবা ডিভিডি দেখা আপনার শিশুকে কথা বলা শেখায় সাহায্য করবে না।
- **শিশুরা বিভিন্ন লোকের কাছ থেকে বিভিন্ন জিনিস শেখে** – এজন্য বন্ধুবান্ধব এবং পরিবারের সাথে দেখা করতে যান, অন্য পিতামাতাদের সাথে সাক্ষাৎ করুন, এবং প্লেগ্রুপে যান।
- **একটি শিশুকে বড় করে তুলতে একটি গ্রাম লাগে** – সুতরাং আপনার কম্যুনিটির পরিসেবাগুলি ব্যবহার করুন, যেমন আপনার লাইব্রেরীতে গল্প বলার সময়, উদ্যান, যাদুঘর, সুইমিং পুল, প্রি-স্কুল ইত্যাদি।
- **আপনার শিশুর জন্য একটি সমৃদ্ধশালী শিক্ষার পরিবেশ দিতে আপনাকে ধনী হতে হবে না।** খেলনা এবং বই লাইব্রেরী থেকে ধার করা যাবে। মাঝে মাঝে আপনার কম্যুনিটিতে শিশুদের জন্য বিনামূল্যে অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সম্মন্ধে জানার জন্য স্থানীয় পত্রিকা দেখুন।
- **যে ভাষায় আপনি কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ করেন সেই ভাষায় আপনার শিশুর সাথে কথা বলুন।** এতে করে নিশ্চিত করা যাবে যে তারা একটি ভাষা ভালভাবে শিখছে। আপনার শিশুকে প্রিস্কুল কিংবা চাইল্ড কেয়ারে ভর্তি করিয়ে তাকে ইংরেজী শেখা শুরু করতে সাহায্য করুন।
- **আপনার শিশুর সাথে উত্তেজনাপূর্ণ সময় উপভোগ করুন।**

